



কীটতত্ত্ব শাখা প্রযুক্তি-৪

১) প্রযুক্তির নামঃ	দেশী পাট বীজের নির্যাস দিয়ে পাটের হলুদ মাকড় দমন।
২) প্রযুক্তির বৈশিষ্ট্যঃ	 <p>ছবি: হলুদ মাকড় দ্বারা আক্রান্ত পাট পাতা</p> <p>প্রযুক্তির উল্লেখযোগ্য বৈশিষ্ট্যঃ</p> <ol style="list-style-type: none"> <li>১। সহজ প্রাপ্যতা</li> <li>২। ব্যবহার পদ্ধতি খুবই সহজ</li> <li>৩। পরিবেশ বান্ধব</li> <li>৪। উক্ত দমন পদ্ধতি অর্থনৈতিকভাবে লাভজনক</li> </ol>
৩) প্রযুক্তির উপযোগিতাঃ	<ol style="list-style-type: none"> <li>১। যে সকল অঞ্চলে পাট বীজ চাষ হয় সে সকল অঞ্চলে হলুদ মাকড় দমনের জন্য রাসায়নিক মাকড়নাশক ব্যবহার না করে দেশী পাট বীজের নির্যাস দিয়ে হলুদ মাকড় দমন করা যায়।</li> <li>২। দেশী পাট বীজের নির্যাস হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচি পাতার উল্টোদিকে সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।</li> <li>৩। এই প্রযুক্তি ব্যবহারের ফলে পরিবেশের উপর কোন বিরূপ প্রভাব পড়ে না।</li> <li>৪। এই ক্ষেত্রে উপকারী পোকের উপর কোন ক্ষতিকর প্রভাব ফেলে না।</li> <li>৫। এই প্রযুক্তি গ্রহণের ক্ষেত্রে কৃষকের কোন ঝুঁকি নাই।</li> <li>৬। হলুদ মাকড় আক্রান্ত গাছের ডগার কচিপাতার উল্টোদিকে পাট বীজের নির্যাস সরাসরি স্প্রে করলে খুব ভাল ফল পাওয়া যায়।</li> </ol>
৪) মাঠ পর্যায়ে তথ্যঃ	<p><b>দেশী পাট বীজের নির্যাস প্রস্তুত প্রণালীঃ</b></p> <p>দেশী পাটের অব্যবহৃত পুরাতন বীজ (সিডিএল-১) কে হামান দিস্তা/ শীল পাটা/ গ্রাইন্ডারের সাহায্যে পাউডার তৈরী করতে হবে। তারপর এই বীজের পাউডার পানিতে ১:২০ অনুপাতে (১০০ গ্রাম পাউডার ২ লিটার পানিতে) মিশিয়ে সারারাত ভিজিয়ে রাখতে হবে এবং পরে সুতি কাপড় দ্বারা ছেকে নিয়ে নির্যাস আলাদা করে ফেলতে হবে।</p>



ছবি: দেশী পাট বীজের নির্যাস ও বীজ

পাট বীজ সংগ্রহ ও নির্যাস তৈরির খরচ:

নির্যাস তৈরির শ্রমিক মজুরি ও স্প্রে

১ জন শ্রমিক (সংগ্রহ ও নির্যাস তৈরি) = ৬০০/-

প্রথম বার (২ জন) = ১২০০/-

দ্বিতীয় বার (২ জন) = ১২০০/-

-----

মোট = ৩,০০০/-

এই প্রযুক্তি ব্যবহারের ফলে গড়ে প্রতি হেক্টরে সাত মণ ফলন বেশি পাওয়া যায়

যার বর্তমান মূল্য =  $২৮০০ \times ৭ = ১৯,৬০০/-$

প্রতি হেক্টরে লাভ =  $(১৯,৬০০/- - ৩,০০০) = ১৬,৬০০/-$

৫) প্রযুক্তি হতে ফলন/প্রাপ্তিঃ

১:২০ অনুপাতে তৈরি দেশী পাট বীজের নির্যাস ব্যবহার করে প্রায় ৬৫ ভাগ হলুদ মাকড়ের আক্রমণ কমানো যায় এবং পাটের আঁশের ফলন প্রায় ১০-১৫ ভাগ বৃদ্ধি পায়।